



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ০৬/১১/২০১৮খ্রি:

জাপানের Kogakuin University পরিদর্শন শেষে ফিরে এলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দল

দেশের ৪৯ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে নবীন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা, খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যকান্ডে দক্ষতার পরিচয় দিয়ে ইতোমধ্যেই জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে বেশ পরিচিত হয়ে উঠেছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে “Japan-Asia Youth Exchange Program in Science” এর অধীনে স্বনামধন্য Kogakuin University এর প্রেসিডেন্ট এর আমন্ত্রণে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ও টিএসসির পরিচালক ড. মোঃ খোরশেদ আলমের নেতৃত্বে সিএসই বিভাগের সহকারী অধ্যাপক রাহাত হোসাইন ফয়সাল, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রভাষক আরিফ-উল ইসলাম, মোঃ ইমরান হোসেন এবং পদার্থ বিজ্ঞান বিভাগের ৪ জন শিক্ষার্থী ও রসায়ন বিভাগের ১ জন শিক্ষার্থীসহ মোট ৯ সদস্যের একটি প্রতিনিধি দল জাপান সফর করেন। সফরকালে প্রতিনিধি দল Kogakuin University এর গবেষণাগার পরিদর্শন, গবেষণা কর্ম সম্পর্কে সম্যক ধারণা অর্জন, লেকচারে অংশগ্রহণ এবং 5th Innovation Forum of Advanced Engineering and Education (IFAAEE) Conference অংশগ্রহণ করে নিজেদের গবেষণা কর্ম উপস্থাপন করেন। এতে প্রতিনিধি দলের ২ সদস্য রাহাত হোসাইন ফয়সাল ও আরিফ-উল ইসলাম বেষ্ট পোস্টার অ্যাওয়ার্ড লাভ করেন। এর পাশাপাশি বরিশাল বিশ্ববিদ্যালয় এবং Kogakuin University এর মধ্যে Collaboration Research এর ক্ষেত্রে কিভাবে আরও প্রসারিত করা যায় সে বিষয়ে আলোচনায় অংশ নেন। এসময় Kogakuin University এর প্রেসিডেন্ট বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাথে উচ্চশিক্ষা ও গবেষণার বিষয়ে যৌথ ভাবে কাজ করতে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। একই সাথে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সার্বিক কর্মকান্ডেরও প্রশংসা করেন। এসময়ে বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের প্রধান জাপানের Kogakuin University একটি প্রতিনিধি দলকে বরিশাল বিশ্ববিদ্যালয় সফরে আসার আমন্ত্রন জানালে তাঁরা তা সানন্দে গ্রহণ করেন। এ সফরের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা খাত আরও যেমন সম্প্রসারিত হবে ঠিক তেমনি আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণ আরও বৃদ্ধি পাবে বলে প্রতিনিধি দলের সদস্যরা মনে করেন। এদিকে জাপান সফর শেষে বিশ্ববিদ্যালয় ফিরে প্রতিনিধি দল উপাচার্য মহোদয়ের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের সদস্যরা গত ২৯ অক্টোবর থেকে ৪ নভেম্বর ২০১৮ পর্যন্ত জাপানে অবস্থান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস